

নং - চভেএসাবি/পগনিঃ/৪৬/২০২৪/ ৭৯৫৫


তারিখঃ ২৪/১২/২০২৪ খ্রি.

বিজ্ঞপ্তি

এই মর্মে অত্র বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রী অর্জনকারী বিদেশগামী সকল শিক্ষার্থী ও পেশা জীবীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষার্থীদের হয়রানি ও অর্থনৈতিক সাশ্রয়ের লক্ষ্যে উন্নত দেশগুলোর ন্যায় বর্তমান সরকার বাংলাদেশের শুধুমাত্র বিদেশগামী শিক্ষার্থী ও পেশাজীবীদের জন্য সকলপ্রকার সনদপত্র অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে সত্যায়নের সিদ্ধান্ত গ্রহণ করেছেন। তাই এখন থেকে এই সেবা পাওয়ার জন্য শিক্ষার্থীদের কে নিম্নরূপে প্রক্রিয়া অনুসরণ করে আবেদন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

www.myGov.bd ওয়েবসাইট থেকে বিদেশগামী নাগরিকদের সার্টিফিকেট সত্যায়ন→ সেবা খাত অনুসারে সেবা→ বিদেশগামী শিক্ষার্থীদের সার্টিফিকেট/একাডেমিক ট্রান্সক্রিপ্ট ইত্যাদি সত্যায়ন (পাবলিক বিশ্ববিদ্যালয়)।

বিঃ দ্রঃ সংশ্লিষ্ট শিক্ষার্থীদেরকে উক্ত প্রক্রিয়া সম্পন্ন করার জন্য প্রতি পাতা ২০০/- টাকা (দুইশত) মাত্র হারে অত্র বিশ্ববিদ্যালয়ের জনতা ব্যাংক (ইউজিসি কর্তৃক ব্যাংক নির্ধারণ না হওয়া পর্যন্ত) শাখায় জমাদান পূর্বক পে-স্লিপ সংযোজন করে আবেদন দাখিল করতে হবে।


24.12.2024
(মোঃ আবুল কাসেম)
পরীক্ষা নিয়ন্ত্রক

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. ট্রেজারার, সিভাসু।
২. ডিন, ভেটেরিনারি মেডিসিন/ফুড সায়েন্স এন্ড টেকনোলজি/ফিশারিজ/বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং অনুষদ, সিভাসু।
৩. পরিচালক, আইসিটি সেল, সিভাসু (বিজ্ঞপ্তিটি সিভাসু ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. রেজিস্ট্রার, সিভাসু।
৫. পরিচালক (অর্থ ও হিসাব), সিভাসু।
৬. সিনিয়র উপ-পরিচালক, জনসংযোগ দপ্তর, সিভাসু।
৭. পিএস টু ভিসি, সিভাসু (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. নোটিশ বোর্ড, পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর, সিভাসু।
৯. অফিস কপি।